প্রথম আলো

24 JUN 2003
পৃষ্ঠা

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাজেট

# শিক্ষা প্রশিক্ষণ ও ছাত্রছাত্রীদের সুবিধা খাতে বরাদ্দ কম

রাজশাহী অফিস ও রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা

আসন্ন অর্থবছরের ঘোষিত বাজেটে রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষা আনুষঙ্গিক খাত শিক্ষক প্রশিক্ষণ ও উন্নয়ন এবং ছাত্রছাত্রীদের শিক্ষা, গবেষণাসহ সুযোগ-সুবিধা খাতে আগের বছরগুলোর তুলনায় বরাদ্দ কমিয়ে দিয়েছে। ফলে বিভিন্ন ছাত্র সংগঠন ও সাধারণ ছাত্রছাত্রী বাজেট সংশোধনের দাবি জানিয়েছে।

প্রস্তাবিত বাজেটে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাসহ সুযোগ-সুবিধা খাতে বাজেটের সিংহভাগ অর্থ বরাদ্দ দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অদৃশ্য খাতে ২০০০-২০০১ অর্থবছরের তুলনায় সাতগুণ ব্যয় বৃদ্ধি করা হয়েছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গত ১৬ জুন ফাইন্যান্স কমিটির জরুরি সভা ডেকে ২০০৩-২০০৪ অর্থবছরের জন্য ৫৪ কোটি ২৫ লাখ ২৫ হাজার টাকার বাজেট ঘোষণা করেন। রীতি অনুযায়ী বাজেট সিনেটে অনুমোদন নেওয়ার কথা থাকলেও তা করা হয়নি।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী অর্থবছরের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে তাদের চাহিদা জানিয়েছিল ৯৭ কোটি ২৭ লাখ ৯০ হাজার টাকা। এ ক্ষেত্রে বাজেটে ঘাটতির পরিমাণ দাঁড়াবে ৪৩ কোটি টাকা।

বাজেটে আগামী অর্থবছরে শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা খাতে বরাদ্দ রাখা হয়েছে ৩৬ কোটি টাকা। এ টাকা মোট বাজেটের ৬৬ দশমিক ৩৬ শতাংশ। শিক্ষা আনুষঙ্গিক খাতে বরাদ্দ রাখা হয়েছে ৪ কোটি ৮৫ লাখ টাকা। যা মোট বাজেটের ৮ দশমিক ৫৭ শতাংশ। ২০০০-২০০১ অর্থ বাজেটে এ খাতে অর্থ বরাদ্দ ছিল ৪ কোটি ৬০ লাখ টাকা।

শিক্ষকদের উন্নয়ন ও গবেষণা খাতে আগের বছরের তুলনায় বাজেটে অর্থ বরাদ্দ কমেছে। ২০০২-২০০৩ অর্থ বছরে এই খাতে ৫ লাখ ৪ হাজার টাকা বরাদ্দ ছিল। ঘোষিত ২০০৩-২০০৪ বছরে তা কমিয়ে ৩ লাখ ৫০ হাজার টাকা করা হয়েছে।

শিক্ষার্থীদের সুযোগ-সুবিধা খাতে ২০০২-২০০৩ বছরে বরাদ্দ ছিল ৪২ লাখ ৪৩ হাজার টাকা। ঘোষিত বাজেটে এই খাতে বরাদ্দ হয়েছে ৪১ লাখ ৮৫ হাজার টাকা। এই বরাদ্দ মোট বাজেটের শূন্য দশমিক ৭৭ ভাগ।

বাজেটে বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ ব্যয় দেখানো হয়েছে ৩ কোটি ২০ লাখ টাকা। তবে অভ্যন্তরীণ প্রকৃত ব্যয় ২ কোটি ৫০ লাখ টাকা বলে বাজেট তৈরির সঙ্গে সংশ্লিষ্ট একজন কর্মকর্তা জানিয়েছেন।

সিন্ডিকেট সদস্য ও পরিসংখ্যান বিভাগের প্রফেসর ড. রহমত উল্লাহ ইমন বলেন, বর্তমানে রাজশাহী বিশ্ববিদ্যালয় ভয়াবহ আর্থিক সংকটের মধ্য দিয়ে চলছে। তিনি বাজেটকে [illegible] বলে [illegible]